Edutips
মাধ্যমিক প্রস্তুতি Target মাধ্যমিক 2026 [প্র্যাকটিস A+ সাজেশন] বিনামূল্যে ব্যাচ!
EduTips App Installed



# GEOGRAPHY

## SUNITY ACADEMY
## GEOGRAPHY

Full Marks : 90 Time : 3 hrs.15 mins.

### বিভাগ — 'ক'

**বিকল্পগুলির থেকে সঠিক উত্তরটি নির্বাচন করে পূর্ণবাক্যে লেখো :-** ১×১৪=১৪

১.১) হিমরেখা যে জলবায়ু অঞ্চলে সমুদ্রতলে অবস্থান করে—
ক) ভূমধ্যসাগরীয় খ) মেরু গ) মরু ঘ) মৌসুমি

১.২) বায়ুর গতিপথের সঙ্গে সিফ বালিয়াড়ির অবস্থান যেরূপ—
ক) অনুভূমিক খ) উল্লম্ব গ) তির্যক ঘ) সমান্তরাল

১.৩) জারণ প্রক্রিয়ায় শিলায় মরচে পড়ে বায়ুমণ্ডলের যে গ্যাসের উপস্থিতির দ্বারা —
ক) অক্সিজেন ($O_2$) খ) কার্বন-ডাইঅক্সাইড ($CO_2$) গ) হাইড্রোজেন ($H_2$) ঘ) নাইট্রোজেন ($N_2$)

১.৪) নিরক্ষীয় জলবায়ু অঞ্চলে সারাবছর বৃষ্টিপাতের জন্য পরিচলন বৃষ্টিপাত ছাড়া অন্য যে পদ্ধতি কার্যকরী থাকে —
ক) উত্তর – পূর্ব আয়নবায়ু ও উত্তর – পূর্ব মেরুবায়ুর মিলন
খ) উত্তর – পূর্ব আয়নবায়ু ও উত্তর – পশ্চিম পশ্চিমাবায়ুর মিলন
গ) উত্তর – পূর্ব আয়নবায়ু ও দক্ষিণ – পূর্ব আয়নবায়ুর মিলন
ঘ) উত্তর – পূর্ব আয়নবায়ু ও দক্ষিণ – পূর্ব মেরুবায়ুর মিলন

১.৫) আটাকামা মরুভূমি সৃষ্টিতে প্রভাব বিস্তার করেছে যে সমুদ্রস্রোত —
ক) বেঙ্গুয়েলা খ) ল্যাব্রাডর গ) হামবোল্ড ঘ) ক্যানারি

১.৬) অমাবস্যা তিথিতে প্রবলতম ভরা কোটাল হয় নীচের কোন অবস্থানের জন্য ?
ক) সিজিগি + পেরিজি খ) সিজিগি + অ্যাপোজি গ) সিজিগি ঘ) পেরিজি

১.৭) প্লাস্টিকের পুরানো বোতলে গাছ লাগানো হলে তা বর্জ্য ব্যবস্থাপনার কোন নীতির অনুসরণ করাকে নির্দেশ করে?
ক) প্রত্যাখ্যান খ) পুনর্বীকরণ গ) পুনর্ব্যবহার ঘ) পরিমাণ হ্রাস

১.৮) ভারতের কোন রাজ্যে গেলে ম্যানগ্রোভ অরণ্য দেখতে পাবে?
ক) সিকিম খ) মধ্যপ্রদেশ গ) তেলেঙ্গানা ঘ) গোয়া

১.৯) ধুঁয়াধার জলপ্রপাত দেখা যায় যে নদীতে —
ক) বিতস্তা খ) কৃষ্ণা গ) চম্বল ঘ) নর্মদা

১.১০) উত্তরপ্রদেশের লক্ষ্ণৌতে কোন শস্যের জাতীয় গবেষণাগার অবস্থিত ?
ক) গম খ) আখ গ) কফি ঘ) ধান।

১.১১) কোনটি তথ্যপ্রযুক্তি শিল্পের সঙ্গে সম্পর্কিত নয়?
ক) আউটসোর্সিং খ) ই-কমার্স গ) ইন্টারনেট ঘ) পণ্যসূচক

১.১২) আদমশুমারি শব্দটি দুটি উর্দু শব্দ আদম ও শুমারি নিয়ে গঠিত। এর শুমারি শব্দের অর্থ গণনা আদম শব্দের অর্থ কী?
ক) মানুষ খ) মাথা গ) জীব ঘ) প্রাণ

১.১৩) উত্তর – দক্ষিণ ও পূর্ব – পশ্চিম করিডর মিলিত হয়েছে—
ক) উত্তরপ্রদেশের ঝাঁসিতে খ) মধ্যপ্রদেশের ভূপালে গ) উত্তরপ্রদেশের এলাহাবাদে ঘ) দিল্লীতে

১.১৪) ভূবৈচিত্র্যসূচক মানচিত্রে ডিগ্রি শিটের সূচক সংখ্যা কোনটি?
ক) 73 খ) 73C গ) 73C/NE ঘ) 73C/15

### বিভাগ — 'খ'

২) **২.১.) নিম্নলিখিত বাক্যগুলি শুদ্ধ হলে পাশে 'শু' এবং অশুদ্ধ হলে পাশে 'অ' লেখো (যেকোনো ছয়টি): ১×৬=৬**

২.১.১) পার্বত্য অঞ্চলে বৃষ্টিপাত বেশি হলে নদী বেশি ক্ষয় করে।

২.১.২) বার্গশ্রুন্ড পাতলা বরফে ঢাকা থাকায় অভিযাত্রীদের জন্য বিপদজনক।

২.১.৩) বায়ুমণ্ডলের কার্বন ডাইঅক্সাইড ওজোন গ্যাস ধ্বংসের জন্য প্রধান দায়ী।

২.১.৪) থর মরুভূমি সৃষ্টির প্রধান কারণ বিন্ধ্য পর্বতের অবস্থান।

২.১.৫) ভারতের দাক্ষিণাত্য মালভূমিতে ব্যাসল্ট শিলা থেকে রেগুর তৈরী হয়েছে যা তুলা চাষের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।

২.১.৬) ভারতের মতো উন্নয়নশীল দেশে অধিকাংশ মানুষ গ্রাম থেকে শহরে চলে যায়, ফলত শহরাঞ্চলে নানান সমস্যা তৈরী হয়।

২.১.৭) উপগ্রহ চিত্রে ভূপৃষ্ঠের বিভিন্ন উপাদানকে সবসময় তার নিজস্ব রঙের সাহায্যে প্রকাশ করা হয়।

edutips.in সম্পূর্ণ বিনামূল্যে মকটেস্ট ও সাজেশনের জন্য অ্যাপ ব্যবহার করুন GET IT ON Google Play

Edutips
মাধ্যমিক প্রস্তুতি ALL SUBJECTS Target মাধ্যমিক 2026 [প্র্যাকটিস A+ সাজেশন] বিনামূল্যে ব্যাচ!
EduTips App Installed



**২.২. উপযুক্ত শব্দ বসিয়ে শূন্যস্থান পূরণ করো (যেকোনো ছয়টি):-** ১×৬=৬

২.২.১) বছরের নির্দিষ্ট সময়ে ভূ-পৃষ্ঠের সমান বায়ুচাপযুক্ত স্থানগুলিকে যে কাল্পনিক রেখার সাহায্যে যোগ করা হয় তার নাম ______।

২.২.২) ৩০° উষ্ণতায় বায়ুর জলীয় বাষ্প ধারণ ক্ষমতা ২৪ গ্রাম / ঘন সেমি এবং চরম আর্দ্রতা ২৪ গ্রাম / ঘন সেমি হলে, আপেক্ষিক আর্দ্রতার পরিমাণ ______।

২.২.৩) পশ্চিমবঙ্গের ডুয়ার্স অঞ্চলে বৃষ্টিপাত হয় ______ পদ্ধতিতে।

২.২.৪) জাপানে পারদযুক্ত তরলের দ্বারা সৃষ্ট রোগ ______ নামে পরিচিত।

২.২.৫) ভারতের জলবায়ুকে নিয়ন্ত্রণ করে ______ বায়ু।

২.২.৬) যে নির্দিষ্ট পথ অনুসরণ করে জাহাজগুলি এক দেশের বন্দর থেকে অন্য দেশের বন্দরে যাতায়াত করে তার নাম ______।

২.২.৭) ______ শহরে সর্বপ্রথম ভারতের তৈলরসায়ন শিল্প গড়ে ওঠে।

**২.৩. একটি বা দুটি শব্দে উত্তর দাও (যেকোনো দুটি):-** ১×৬=৬

২.৩.১) আবহবিকারজাত পদার্থের অভিকর্ষের টানে নীচে নামার পদ্ধতির নাম কী ?

২.৩.২) কোনো এক দিনের ২৪ ঘণ্টার সর্বোচ্চ তাপমাত্রা ৪২° সেন্টিগ্রেড ও সর্বনিম্ন তাপমাত্রা ২৫° সেন্টিগ্রেড হলে সেই দিনের উষ্ণতার প্রসর কত ?

২.৩.৩) কোন মেঘ থেকে বজ্র বিদ্যুৎসহ বৃষ্টিপাত হয় ?

২.৩.৪) কোন জলবায়ু অঞ্চলে শীতকালে বৃষ্টিপাত হয় ?

২.৩.৫) বর্জ্য পৃথকীকরণ পদ্ধতিতে জৈব ভঙ্গুর বর্জ্য কোন রঙের পাত্রে সংগ্রহ করা হয় ?

২.৩.৬) ভারতের নবীনতম রাজ্যটির নাম কী ?

২.৩.৭) ভারতের একমাত্র জীবন্ত আগ্নেয়গিরি কোন দ্বীপে অবস্থিত ?

২.৩.৮) E-Mail পুরো কথা কী ?

**২.৪. বামদিকের সঙ্গে ডানদিকের গুলি মিলিয়ে লেখো :-** ১×৪=৪

| বামদিক | ডানদিক |
|---|---|
| ২.৪.১ চিনুক | ক. মগ্নচড়া |
| ২.৪.২ গ্রান্ড ব্যাঙ্ক | খ. তুষারভক্ষক |
| ২.৪.৩ তিব্বত | গ. ভূ-বৈচিত্র্যসূচক মানচিত্র |
| ২.৪.৪ সার্ভে অফ ইন্ডিয়া | ঘ. ব্রহ্মপুত্র |

## বিভাগ — 'গ'

৩. **নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়):-** ২×৬=১২

৩.১) বার্খান কাকে বলে? অথবা, ওজোন কী?

৩.২) E- বর্জ্য বলতে কী বোঝো? অথবা, বর্জ্য ব্যবস্থাপনায় 4R কী কী?

৩.৩) শিশিরাঙ্ক বলতে কী বোঝো? অথবা, শৈবাল সাগর কী?

৩.৪) ডেকান ট্র্যাপ কাকে বলে? অথবা, পডজল মাটি কী?

৩.৫) বাগিচা ফসল কী? উদাহরণ দাও। অথবা, Internet কী?

৩.৬) পিক্সেল কাকে বলে? অথবা, সমোন্নতি রেখা কাকে বলে?

## বিভাগ — 'ঘ'

৪. **সংক্ষিপ্ত ব্যাখ্যামূলক উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়):** ৩×৪=১২

৪.১) রসেমোতানে ও ড্রামলিনের মধ্যে তিনটি পার্থক্য লেখো।
অথবা, নিরক্ষীয় নিম্নচাপ বলয় সৃষ্টির তিনটি কারণ লেখো।

৪.২) বর্জ্য ব্যবস্থাপনায় তিনটি বৈশিষ্ট্য লেখো।
অথবা, পরিবেশের ওপর প্লাস্টিকের তিনটি প্রভাব লেখো।

৪.৩) নর্মদা ও তাপ্তী নদীর মোহনায় ব-দ্বীপ সৃষ্টি হয়নি। তিনটি কারণ লেখো।
অথবা, বস্ত্র শিল্পকে শিকড় আলগা শিল্প বলার তিনটি কারণ লেখো।

৪.৪) উপগ্রহ চিত্রের তিনটি ব্যবহার লেখো।
অথবা, ভূ-বৈচিত্র্যসূচক মানচিত্রের তিনটি গুরুত্ব লেখো।

## বিভাগ — 'ঙ'

৫) **৫.১. যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও :-** ৫×২=১০

৫.১.১) নদীর ক্ষয়কার্যের ফলে সৃষ্ট ৪ টি (চার) ভূমিরূপ চিত্রসহ আলোচনা করো।

৫.১.২) চিত্রসহ ঘূর্ণবাত ও প্রতীপ ঘূর্ণবাতের পাঁচটি পার্থক্য লেখো।

৫.১.৩) চিত্রসহ বৈপরীত্য উত্তাপের তিনটি কারণ ব্যাখ্যা করো।

edutips.in সম্পূর্ণ বিনামূল্যে মকটেস্ট ও সাজেশনের জন্য অ্যাপ ব্যবহার করুন GET IT ON Google Play

Edutips
মাধ্যমিক প্রস্তুতি Target মাধ্যমিক 2026 [প্র্যাকটিস A+ সাজেশন] বিনামূল্যে ব্যাচ!
EduTips App Installed



৫.১.৪) চিত্রসহ জোয়ারভাটার শ্রেণিবিভাগ করো।

৫.২. **যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও :-** ৫×২=১০

৫.২.১) উত্তর থেকে দক্ষিণে হিমালয়ের শ্রেণিবিভাগ করো এবং বৈশিষ্ট্য আলোচনা করো।

৫.২.২) চা চাষের অনুকূল প্রাকৃতিক পরিবেশ আলোচনা করো।

৫.২.৩) পূর্বভারতে লৌহ-ইস্পাত শিল্প কেন্দ্রীভবনের পাঁচটি কারণ আলোচনা করো।

৫.২.৪) উদাহরণসহ ভারতে শহর ও নগর গড়ে ওঠার পাঁচটি কারণ আলোচনা করো।

## বিভাগ — 'চ'

৬ **প্রশ্নপত্রের সঙ্গে প্রদত্ত ভারতের রেখামানচিত্রে নিম্নলিখিতগুলি উপযুক্ত প্রতীক ও নামসহ চিহ্নিত করে মানচিত্রটি উত্তরপত্রের সাথে জুড়ে দাও :-** ১×১০=১০

৬.১) আরব সাগরের প্রবাল গঠিত দ্বীপপুঞ্জ।

৬.২) ছোটনাগপুর মালভূমি।

৬.৩) কাবেরী নদী।

৬.৪) কচ্ছের রন।

৬.৫) ভারতে পরিচলন বৃষ্টিযুক্ত অঞ্চল।

৬.৬) কৃষ্ণ মৃত্তিকা অঞ্চল।

৬.৭) জেরোফাইট উদ্ভিদযুক্ত অঞ্চল।

৬.৮) কার্পাস গবেষণাকেন্দ্র।

৬.৯) ভারতের সিলিকন ভ্যালি।

৬.১০) নেতাজী সুভাষচন্দ্র বসু আন্তর্জাতিক বিমানবন্দর।

## ANSWER KEY

### বিভাগ — 'ক'

১.১ (খ) মেরু ১.২ (ঘ) সমান্তরাল ১.৩ (ক) অক্সিজেন ($O_2$) ১.৪ (গ) উত্তর-পূর্ব আয়ন বায়ু ও দক্ষিণ- পূর্ব আয়নবায়ুর মিলন ১.৫ (গ) হামবোল্ড ১.৬ (গ) সিজিগি ১.৭ (গ) পুনর্ব্যবহার ১.৮ (ঘ) গোয়া ১.৯ (ঘ) নর্মদা ১.১০ (খ) আখ ১.১১ (ঘ) পণ্যসূচক ১.১২ (ক) মানুষ ১.১৩ (ক) উত্তরপ্রদেশের ঝাঁসিতে ১.১৪ (খ) 73C

### বিভাগ - 'খ'

২.১ ২.১.১ শু ২.১.২ শু ২.১.৩ অ ২.১.৪ অ ২.১.৫ শু ২.১.৬ শু ২.১.৭ অ

২.২ ২.২.১ সমপ্রেষরেখা / সমচাপরেখা ২.২.২ ১০০% ২.২.৩ শৈলোৎক্ষেপ ২.২.৪ মিনামাটা ২.২.৫ মৌসুমি ২.২.৬ শিপিং লেন ২.২.৭ ট্রম্বে

২.৩ ২.৩.১ পুঞ্জস্খলন ২.৩.২ ১৭°c ২.৩.৩ কিউমুলোনিম্বাস ২.৩.৪ ভূমধ্যসাগরীয় জলবায়ু অঞ্চল ২.৩.৫ সবুজ রঙের ২.৩.৬ তেলেঙ্গানা ২.৩.৭. ব্যারেন ২.৩.৮. Electronic mail

২.৪

| বামদিক | ডানদিক |
|---|---|
| ২.৪.১ চিনুক | খ. তুষারভক্ষক |
| ২.৪.২ গ্র্যান্ড ব্যাঙ্ক | ক. মগ্নচড়া |
| ২.৪.৩ তিব্বত | ঘ. ব্রহ্মপুত্র |
| ২.৪.৪ সার্ভে অফ ইন্ডিয়া | গ. ভু-বৈচিত্র্যসূচক মানচিত্র |

# গনিপুর শীতলা হাইস্কুল (উঃমাঃ)
# GEOGRAPHY

Full Marks : 90 Time : 3 hrs.15 mins.

## বিভাগ - ক

১. **বিকল্পগুলির থেকে সঠিক উত্তরটি নির্বাচন করে লেখো :** ১×১৪=১৪

১.১) যে প্রক্রিয়ায় ভূমিভাগের উচ্চতার হ্রাস ঘটে তা হল —
(ক) আরোহণ (খ) অবরোহণ (গ) পর্যায়ন (ঘ) আবহবিকার।

১.২) বায়ু ও জলধারার মিলিত কার্যে সৃষ্ট ভূমিরূপ হল —
(ক) গৌর (খ) জিউগেন (গ) ইনসেলবার্জ (ঘ) বাজাদা।

১.৩) ক্যারাবিয়ান সাগরে সৃষ্ট ঘূর্ণবাতকে বলা হয় —
(ক) হ্যারিকেন (খ) সাইক্লোন (গ) টাইফুন (ঘ) টর্নেডো।

১.৪) ডোলড্রাম বলা হয় —
(ক) নিরক্ষীয় নিম্নচাপ বলয়কে (খ) কর্কটীয় উচ্চচাপ বলয়কে
(গ) কুমেরুবৃত্ত প্রদেশীয় নিম্নচাপ বলয়কে (ঘ) সুমেরুবৃত্ত প্রদেশীয় নিম্নচাপ বলয়কে।

edutips.in সম্পূর্ণ বিনামূল্যে মকটেস্ট ও সাজেশনের জন্য অ্যাপ ব্যবহার করুন GET IT ON Google Play

Edutips™
মাধ্যমিক প্রস্তুতি ALL SUBJECTS Target মাধ্যমিক 2026 [প্র্যাকটিস A+ সাজেশন] বিনামূল্যে ব্যাচ!
EduTips App Installed



১.৫) এল নিনোর প্রভাব সর্বাধিক দেখা যায় —
(ক) আটলান্টিক মহাসাগরে (খ) ভারত মহাসাগরে (গ) প্রশান্ত মহাসাগরে (ঘ) সুমেরু মহাসাগরে।

১.৬) পৃথিবীর বৃহত্তম মগ্নচড়া হল —
(ক) ডগার্স ব্যাংক (খ) রকফল ব্যাংক (গ) গ্র্যান্ড ব্যাংক (ঘ) সেবল ব্যাংক।

১.৭) জীববিশ্লেষ্য বর্জ্য সাধারণত —
(ক) বিষাক্ত বর্জ্য (খ) বিষহীন বর্জ্য (গ) তেজস্ক্রিয় বর্জ্য (ঘ) সবকটি প্রযোজ্য।

১.৮) ভারতের উত্তরতম স্থানটি হল —
(ক) ইন্দিরা পয়েন্ট (খ) পিগম্যালিয়ান পয়েন্ট (গ) লেহ (ঘ) ইন্দিরা কল।

১.৯) দক্ষিণ ভারতের সর্বোচ্চ শৃঙ্গের নাম —
(ক) আনাইমুদি (খ) পালনি (গ) দোদাবেতা (ঘ) গুরু শিখর।

১.১০) গঙ্গা নদীর ডানতীরের উপনদীটি হল —
(ক) ঘর্ঘরা (খ) গণ্ডক (গ) যমুনা (ঘ) কোশী।

১.১১) ভারতে পশ্চিমী ঝঞ্ঝা লক্ষ করা যায় —
(ক) শীতকালে (খ) গ্রীষ্মকালে (গ) শরৎকালে (ঘ) বসন্তকালে।

১.১২) ভারতের নবীনতম রাজ্যটি হল —
(ক) ঝাড়খণ্ড (খ) তেলেঙ্গানা (গ) ছত্তিশগড় (ঘ) মহারাষ্ট্র।

১.১৩) তুলা চাষ সবচেয়ে ভালো হয় —
(ক) কালোমাটি (খ) লালমাটি (গ) ল্যাটেরাইট মাটি (ঘ) পার্বত্য মাটি।

১.১৪) ভূ-বৈচিত্র্যসূচক মানচিত্রে সবুজ রঙের অর্থ হল —
(ক) নদী (খ) ঘরবাড়ি (গ) অরণ্য (ঘ) রেলপথ।

## বিভাগ - খ

২. **২.১ নিম্নলিখিত বাক্যগুলি শুদ্ধ হলে 'শু' এবং অশুদ্ধ হলে 'অ' লেখো (যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও):** ১×৬=৬

২.১.১) মরুভূমির শুষ্ক নদীখাত হল ওয়াদি।
২.১.২) দক্ষিণ গোলার্ধের পশ্চিমাবায়ুকে সাহসী পশ্চিমা বায়ু বলে।
২.১.৩) দুটি মুখ্য জোয়ারের মধ্যে সময়ের ব্যবধান ১২ ঘণ্টা ২৬ মিনিট।
২.১.৪) ১০ লক্ষের বেশি জনসংখ্যাযুক্ত শহর হল মহানগর।
২.১.৫) অটোমোবাইল শিল্পকে আধুনিক শিল্পদানব বলে।
২.১.৬) ভারতের প্রথম কৃত্রিম উপগ্রহ আর্যভট্ট।
২.১.৭) সিমেন্ট কারখানা থেকে উৎপাদিত বর্জ্য পর্দাথ বায়ু দূষণ ঘটায়।

**২.২ উপযুক্ত শব্দ বসিয়ে শূন্যস্থান পূরণ কর (যেকোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও):** ১×৬=৬

২.২.১) নীলনদের ব-দ্বীপ দেখতে ____________ মতো।
২.২.২) সমুদ্রের জলে ভাসমান বিশালাকার বরফের স্তূপকে ____________ বলে।
২.২.৩) বায়ুচাপ ____________ এককে মাপা হয়।
২.২.৪) ____________ সূত্র অনুসারে সমুদ্রস্রোত উত্তর গোলার্ধে ডানদিকে বেঁকে যায়।
২.২.৫) কেরালা উপকূলের জলভূমি ____________ নামে পরিচিত।
২.২.৬) ভারতের ____________ রাজ্যে সাক্ষরতার হার সর্বাধিক।
২.২.৭) শিল্পে নির্গত গ্যাস শোধনে ব্যবহার হয় ____________।

**২.৩ একটি বা দুটি শব্দে উত্তর দাও (যেকোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও):** ১×৬=৬

২.৩.১) যে উচ্চভূমি দুটি নদী ব্যবস্থাকে পৃথক করে তার নাম লেখো।
২.৩.২) বায়ুমণ্ডলের কোন স্তরে জেট বিমান যাতায়াত করে?
২.৩.৩) সামুদ্রিক মাছের প্রধান খাদ্য কী?
২.৩.৪) মরা জোয়ার কোন তিথিতে দেখা যায়?
২.৩.৫) ভারতের সর্বোচ্চ গিরিপথ কোনটি?
২.৩.৬) পার্বত্য ঢালে ভূমিক্ষয় রোধের একটি কৃষি পদ্ধতির নাম লেখো।
২.৩.৭) ভারতের কোন রাজ্য চা উৎপাদনে প্রথম স্থান অধিকার করে ?
২.৩.৮) ভারতের জরিপ সংস্থার প্রধান কার্যালয় কোথায় অবস্থিত ?

edutips.in সম্পূর্ণ বিনামূল্যে মকটেস্ট ও সাজেশনের জন্য অ্যাপ ব্যবহার করুন GET IT ON Google Play

Edutips™
মাধ্যমিক প্রস্তুতি ALL SUBJECTS Target মাধ্যমিক 2026 [প্র্যাকটিস A+ সাজেশন] বিনামূল্যে ব্যাচ!
EduTips App Installed



২.৪ বামদিকের সাথে ডানদিকের গুলি মিলিয়ে লেখো: ১×৪=৪

| বামদিক | ডানদিক |
|---|---|
| ২.৪.১) মেট্রোরেল | ১) ছোটনাগপুর অঞ্চল |
| ২.৪.২) ভারতের মৃত্তিকা গবেষণা কেন্দ্র | ২) কলকাতা |
| ২.৪.৩) হিরাকুঁদ বাঁধ | ৩) ভোপাল |
| ২.৪.৪) পাট অঞ্চল | ৪) মহানদী প্রকল্প |

## বিভাগ - গ

৩. নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) ঃ ২×৬=১২

৩.১) খ্রিয়ান কী? **অথবা**, বার্গশ্রুন্ড কী?
৩.২) গর্জনশীল চল্লিশা কাকে বলে? **অথবা**, ভরা কোটাল বলতে কী বোঝায়?
৩.৩) বর্জ্যের পুনর্ব্যবহার বলতে কী বোঝো? **অথবা**, কম্পোস্ট সার কাকে বলে?
৩.৪) ভাবর কাকে বলে? **অথবা**, জলবিভাজিকা উন্নয়নের দুটি পদ্ধতি লেখো।
৩.৫) কৃষি বনসৃজনের দুটি উদ্দেশ্য লেখো। **অথবা**, আকাশ পরিবহনের দুটি সুবিধা উল্লেখ করো।
৩.৬) FCC কী? **অথবা**, ভূবৈচিত্র্যসূচক মানচিত্রের দুটি গুরুত্ব লেখো।

## বিভাগ - ঘ

৪. সংক্ষিপ্ত ব্যাখ্যামূলক উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) ঃ ৩×৪=১২

৪.১) ক্যাটাবেটিক ও অ্যানাবেটিক বায়ুর মধ্যে পার্থক্য লেখো। **অথবা**, গিরিখাত ও ক্যানিয়নের মধ্যে পার্থক্য লেখো।
৪.২) সমুদ্রস্রোত সৃষ্টির ৩টি কারণ লেখো। **অথবা**, 4R বলতে কী বোঝায়?
৪.৩) থর মরুভূমি সৃষ্টির কারণগুলি লেখো। **অথবা**, খরিফ শস্য ও রবি শস্যের পার্থক্য লেখো।
৪.৪) ভারতের দ্রুত জনসংখ্যা বৃদ্ধির কারণ লেখো। **অথবা**, নগরায়নের তিনটি সমস্যা লেখো।

## বিভাগ - ঙ

৫. ৫.১ **নিম্নলিখিত প্রশ্নগুলির থেকে যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও ঃ** ৫×২=১০

৫.১.১) বায়ুর ক্ষয়কার্যের ফলে সৃষ্ট যে কোনো তিনটি ভূমিরূপ চিত্রসহ বর্ণনা করো।
৫.১.২) বায়ুর উষ্ণতার তারতম্যের ৩টি কারণ বর্ণনা করো।
৫.১.৩) দুটি মুখ্য জোয়ারের মধ্যে ২৪ ঘণ্টা ৫২ মিনিটের সময়ের পার্থক্য হওয়ার কারণ কী?
৫.১.৪) ক্রান্তীয় মৌসুমী জলবায়ু অঞ্চলের প্রধান বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

৫.২ **নিম্নলিখিত প্রশ্নগুলির থেকে যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও ঃ** ৫×২=১০

৫.২.১) ভারতের পূর্ব উপকূল ও পশ্চিম উপকূলের ভূপ্রকৃতির পার্থক্য লেখো।
৫.২.২) ভারতের দুই প্রকার স্বাভাবিক উদ্ভিদের অঞ্চলের অবস্থান ও বৈশিষ্ট্য লেখো।
৫.২.৩) পশ্চিম ভারতে কার্পাস বয়নশিল্পের একদেশীভবনের কারণগুলি লেখো।
৫.২.৪) ভারতে অসম জনবন্টনের কারণগুলি উদাহরণসহ আলোচনা করো।

## বিভাগ - চ

৬. প্রশ্নপত্রের সাথে প্রদত্ত ভারতের রেখা-মানচিত্রে নিম্নলিখিতগুলি উপযুক্ত প্রতীক ও নামসহ চিহ্নিত করে মানচিত্রটি উত্তরপত্রের সঙ্গে জুড়ে দাও ঃ ১×১০=১০

(১) আরাবল্লী পর্বত শ্রেনি
(২) ভারতের একটি অন্তর্বাহিনী নদী
(৩) বছরে দুবার বৃষ্টিপাতযুক্ত অঞ্চল
(৪) দক্ষিণ ভারতের কফি উৎপাদক অঞ্চল
(৫) ভারতের কৃষ্ণ মৃত্তিকা অঞ্চল
(৬) পশ্চিমবঙ্গের একটি পেট্রোরসায়ন শিল্পকেন্দ্র
(৭) ভারতের বৃহত্তম বন্দর
(৮) সর্বনিম্ন জনসংখ্যাবিশিষ্ট রাজ্য
(৯) মালাবার উপকূল
(১০) ভারতের সর্বোচ্চ মালভূমি

---

## ANSWER KEY

### বিভাগ - ক

১.১) অবরোহণ ১.২) বাজাদা ১.৩) হ্যারিকেন ১.৪) নিরক্ষীয় নিম্নচাপ বলয়কে ১.৫) প্রশান্ত মহাসাগরে
১.৬) গ্র্যান্ড ব্যাংক ১.৭) বিষহীন বর্জ্য ১.৮) ইন্দিরা কল ১.৯) আনাইমুদি ১:১০) যমুনা ১.১১) শীতকালে
১.১২) তেলেঙ্গানা ১.১৩) কালোমাটি ১.১৪) অরণ্য

edutips.in সম্পূর্ণ বিনামূল্যে মকটেস্ট ও সাজেশনের জন্য অ্যাপ ব্যবহার করুন GET IT ON Google Play

Edutips
মাধ্যমিক প্রস্তুতি ALL SUBJECTS Target মাধ্যমিক 2026 [প্র্যাকটিস A+ সাজেশন] বিনামূল্যে ব্যাচ!
EduTips App Installed



**বিভাগ - খ**

২.১) ২.১.১) শুদ্ধ ২.১.২) শুদ্ধ ২.১.৩) অশুদ্ধ ২.১.৪) শুদ্ধ ২.১.৫) অশুদ্ধ ২.১.৬) শুদ্ধ ২.১.৭) শুদ্ধ

২.২) ২.২.১) ধনুকাকৃতি ২.২.২) হিমশৈল ২.২.৩) মিলিবার ২.২.৪) ফেরেল ২.২.৫) লেগুন
২.২.৬) কেরালা ২.২.৭) স্ক্রাবার

২.৩) ২.৩.১) জলবিভাজিকা ২.৩.২) স্ট্রাটোস্ফিয়ার ২.৩.৩) প্ল্যাঙ্কটন ২.৩.৪) কৃষ্ণ ও শুক্ল পক্ষের অষ্টমী তিথি
২.৩.৫) খারদুংলা ২.৩.৬) ধাপ চাষ বা ফালিচাষ ২.৩.৭) অসম ২.৩.৮) দেরাদুন

২.৪)

| বামদিক | ডানদিক |
|---|---|
| ২.৪.১) মেট্রোরেল | ২) কলকাতা |
| ২.৪.২) ভারতের মৃত্তিকা গবেষণা কেন্দ্র | ৩) ভোপাল |
| ২.৪.৩) হিরাকুঁদ বাঁধ | ৪) মহানদী প্রকল্প |
| ২.৪.৪) পাট অঞ্চল | ১) ছোটনাগপুর অঞ্চল |

---

# JODHPUR PARK BOYS' SCHOOL
## GEOGRAPHY

Full Marks : 90 Time : 3 hrs.15 mins

**বিভাগ - ক**

১. বিকল্পগুলির থেকে সঠিক উত্তরটি নির্বাচন করে লেখো : ১×১৪=১৪

১.১. লবণযুক্ত শিলাস্তরের উপর নদীর প্রধান ক্ষয় প্রক্রিয়াটি হল —
ক) অবঘর্ষ ক্ষয় খ) ঘর্ষণ ক্ষয় গ) জলপ্রবাহ ক্ষয় ঘ) দ্রবণ ক্ষয়

১.২. একাধিক বার্খান পরস্পর সংযুক্ত হয়ে, তৈরী করে —
ক) অ্যাকলে খ) দ্রাস গ) নক্ষত্র ঘ) আর্গ বালিয়াড়ি

১.৩. ইনসোলেশনে তাপের প্রভাব সব থেকে বেশি পড়ে —
ক) উপক্রান্তীয় অঞ্চলে খ) ক্রান্তীয় অঞ্চলে গ) মধ্য অক্ষাংশীয় অঞ্চলে ঘ) সুমেরু অঞ্চলে

১.৪. বাতাসে জলীয় বাষ্পের প্রকৃত ভরকে বলা হয় —
ক) আপেক্ষিক আর্দ্রতা খ) পরম আর্দ্রতা গ) নির্দিষ্ট আর্দ্রতা ঘ) প্রকৃত আর্দ্রতা

১.৫. সমুদ্রের যে স্থানে উষ্ণ ও শীতল স্রোত উভয়ে মিলিত হয়, তাকে বলে —
ক) হিমানী সম্প্রপাত খ) হিমশৈল গ) হিমপ্রাচীর ঘ) হিমগুল্ম

১.৬. পৃথিবী থেকে চাঁদের দূরত্ব যখন সবচেয়ে কম তখন যে জোয়ার সৃষ্টি হয় তাকে বলে —
ক) ভরা কোটাল খ) মরা কোটাল গ) পেরিজি জোয়ার ঘ) অ্যাপোজি জোয়ার

১.৭. কোনো পরিবর্তন ছাড়া বর্জ্যকে ব্যবহার করা হলে, তাকে বলে —
ক) পুনর্ব্যবহার খ) পুনর্নবীকরণ গ) পুনরুদ্ধার ঘ) সবগুলিই প্রযোজ্য

১.৮. ভারত ও আফগানিস্তানের সীমারেখাকে বলে —
ক) ম্যাকমোহন লাইন খ) ডুরাণ্ড লাইন গ) প্লে অফ লাইন ঘ) লাইন অফ কন্ট্রোল

১.৯. নদীটি আরাবল্লী পর্বত থেকে উৎপত্তি হয়েছে —
ক) মাহী খ) কাবেরী গ) লুনী ঘ) কৃষ্ণা

১.১০. ভারতের সর্ববৃহৎ নদী পরিকল্পনাটি হল —
ক) হীরাকুঁদ খ) ভাকরা-নাঙ্গাল গ) নাগার্জুন সাগর ঘ) রানা প্রতাপ সাগর

১.১১. ভারতের মৃত্তিকা সংরক্ষণে গৃহীত একটি পদ্ধতি হল —
ক) জলসেচ খ) ঝুমচাষ গ) পশুচারণ ঘ) ফালিচাষ

১.১২. কোন শিল্পটিতে অনুসারী শিল্পের গুরুত্ব খুব বেশি ?
ক) লৌহ-ইস্পাত খ) বস্ত্রবয়ন গ) মোটরগাড়ি ঘ) তথ্য প্রযুক্তি

১.১৩. 'ভারতের জীবনরেখা' বলা হয় —
ক) রেলপথকে খ) জলপথকে গ) সড়কপথকে ঘ) আকাশপথকে

১.১৪. মিলিয়ন শিটে ভূ-বৈচিত্র্যসূচক মানচিত্রের অক্ষাংশ ও দ্রাঘিমাগত বিস্তার —
ক) $15^\circ \times 15^\circ$ খ) $30^\circ \times 30^\circ$ গ) $1^\circ \times 1^\circ$ ঘ) $4^\circ \times 4^\circ$

edutips.in সম্পূর্ণ বিনামূল্যে মকটেস্ট ও সাজেশনের জন্য অ্যাপ ব্যবহার করুন GET IT ON Google Play

Edutips
মাধ্যমিক প্রস্তুতি ALL SUBJECTS Target মাধ্যমিক 2026 [প্র্যাকটিস A+ সাজেশন] বিনামূল্যে ব্যাচ!
EduTips App Installed



## বিভাগ - খ

২. ২.১ নিম্নলিখিত বাক্যগুলি শুদ্ধ হলে 'শু' এবং অশুদ্ধ হলে 'অ' লেখো। (যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও) ৬×১=৬

২.১.১. মেরু অঞ্চলে হিমরেখার উচ্চতা শূন্য মিটার।
২.১.২. ব্যারোমিটারে প্রধান স্কেল ও ভার্নিয়ার স্কেল দুটিই থাকে।
২.১.৩. নিউফাউন্ডল্যান্ড উপকূলে হিম প্রাচীর দেখা যায়।
২.১.৪. ক্যাডমিয়ামের বিষক্রিয়ায় ইটাই ইটাই রোগ হয়।
২.১.৫. গোদাবরী নদী গ্রস্ত উপত্যকার মধ্য দিয়ে প্রবাহিত।
২.১.৬. সোনালি চতুর্ভুজ প্রকল্পটি সড়ক পরিবহণের সঙ্গে যুক্ত।
২.১.৭. ভারতীয় উপমহাদেশের ভূ-বৈচিত্র্যসূচক মানচিত্রের RF হল ১:১০,০০,০০০।

২.২ উপযুক্ত শব্দ বসিয়ে শূন্যস্থান পূরণ করো। (যেকোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও) : ১×৬=৬

২.২.১. ইয়ার্দাং খুব তীক্ষ্ণ হলে, তাকে ____________ বলা হয়।
২.২.২. বায়ুচাপের ঢাল বৃদ্ধি পেলে, বায়ুর গতিবেগ ____________ পায়।
২.২.৩. ল্যান্ডফিলে বর্জ্য-ধোয়া জলকে ____________ বলে।
২.২.৪. সিঙ্গালিলা পর্বতের সর্বোচ্চ শৃঙ্গ ____________।
২.২.৫. কফি হল একটি ____________ জলবায়ুর ফসল।
২.২.৬. একটি ইলেকট্রনিক ডাক ব্যবস্থা হল ____________।
২.২.৭. ____________ স্কেল এককবিহীন স্কেল।

২.৩ একটি বা দুটি শব্দে উত্তর দাও (যেকোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও) : ১×৬=৬

২.৩.১. বুদ্বুদের ফলে শিলার গায়ে ছোটো ছোটো গর্ত সৃষ্টির প্রক্রিয়াকে কী বলা হয় ?
২.৩.২. ফারেনহাইট স্কেলে জলের স্ফুটনাঙ্ক কত?
২.৩.৩. পরপর দুটি গৌণ জোয়ারের মধ্যে সময়ের ব্যবধান কত?
২.৩.৪. কাশ্মীর উপত্যকায় পলিমাটিকে কী বলে?
২.৩.৫. 'বল-উইভিল' কোন ফসল চাষের পক্ষে ক্ষতিকর ?
২.৩.৬. ভারতের সবচেয়ে কম জনঘনত্বযুক্ত কেন্দ্রশাসিত অঞ্চল কোনটি?
২.৩.৭. শিল্প স্থানিকতার তত্ত্বের মূল প্রবক্তা কে?
২.৩.৮. 'INSAT' কোন ধরনের কৃত্রিম উপগ্রহ?

২.৪ বামদিকের সাথে ডানদিকেরগুলি মিলিয়ে লেখো: ১×৪=৪

| বামদিক | ডানদিক |
|---|---|
| ২.৪.১ সিলিকন ভ্যালি | ১. মুম্বাই |
| ২.৪.২ ভারতের ম্যানচেস্টার | ২. হায়দরাবাদ |
| ২.৪.৩ বৃহত্তম মহানগর | ৩. বেঙ্গালুরু |
| ২.৪.৪ হাইটেক সিটি | ৪. আমেদাবাদ |

## বিভাগ - গ

৩. নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও। (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) ২×৬=১২

৩.১. নুনাটক কী? অথবা, ফার্ন কী ?
৩.২. এরোসল কাকে বলে ? অথবা, চিনুক কী ?
৩.৩. ই-বর্জ্য কী ? অথবা, 'Hazardous waste' কাকে বলে ?
৩.৪. মালনাদ ও ময়দান কী ? অথবা, 'শিপিং লেন' কাকে বলে ?
৩.৫. জায়িদ শস্য কী ? অথবা, হিউমাস কাকে বলে ?
৩.৬ মিলিয়ন শিট কী? অথবা, ভূসমলয় উপগ্রহ বলতে কী বোঝ ?

## বিভাগ - ঘ

৪. সংক্ষিপ্ত ব্যাখামূলক উত্তর দাও। (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) ৩×৪=১২

৪.১ হিমরেখার উচ্চতা সর্বত্র এবং সব ঋতুতে সমান হয় না কেন?
অথবা, বহির্জাত প্রক্রিয়ার নিয়ন্ত্রকগুলি কী কী?
৪.২ গ্যাসীয় বর্জ্য নিয়ন্ত্রণের উপায়গুলি কী কী?
অথবা, বর্জ্য ব্যবস্থাপনায় 4R-এর গুরুত্ব লেখো।
৪.৩ পেট্রোরসায়ন শিল্পকে 'উদীয়মান শিল্প' বলে কেন?
অথবা, দক্ষিণ ভারতের চেয়ে উত্তর ভারতে খাল দ্বারা জলসেচ অধিক প্রচলিত কেন?

edutips.in সম্পূর্ণ বিনামূল্যে মকটেস্ট ও সাজেশনের জন্য অ্যাপ ব্যবহার করুন GET IT ON Google Play

Edutips™
মাধ্যমিক প্রস্তুতি ALL SUBJECTS Target মাধ্যমিক 2026 [প্র্যাকটিস A+ সাজেশন] বিনামূল্যে ব্যাচ!
EduTips App Installed



৪.৪. দূর সংবেদন ব্যবস্থার গুরুত্ব আলোচনা করো।
**অথবা**, ভূ-বৈচিত্র্যসূচক মানচিত্রের তিনটি ব্যবহার উল্লেখ করো।

**বিভাগ - ঙ**

৫. **৫.১ নিম্নলিখিত প্রশ্নগুলির থেকে যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও।** ৫×২=১০

৫.১.১. নদীর মধ্যগতিতে সৃষ্ট ভূমিরূপগুলির চিত্রসহ বিবরণ দাও।

৫.১.২. শুষ্ক অঞ্চলে বায়ু ও জলধারার মিলিত কার্যের ফলে গঠিত ভূমিরূপগুলি চিত্রসহ বর্ণনা করো।

৫.১.৩ জীবজগতের উপর ওজোনস্তরের ক্ষয়ের প্রভাব কীরূপ?

৫.১.৪ সমুদ্রস্রোত সৃষ্টির নিয়ন্ত্রকগুলি আলোচনা করো।

**৫.২ নিম্নলিখিত প্রশ্নগুলির থেকে যে কোন দুটি প্রশ্নের উত্তর দাও।** ৫×২=১০

৫.২.১ ভারতের পূর্ব ও পশ্চিম উপকূলীয় সমভূমির প্রাকৃতিক বৈশিষ্ট্যের পার্থক্য লেখো।

৫.২.২ মধ্য ও পূর্ব ভারতে লৌহ-ইস্পাত শিল্পের কেন্দ্রীভবনের কারণগুলি লেখো।

৫.২.৩ ভারতে অসম জনসংখ্যা বণ্টনের পাঁচটি প্রধান কারণ অলোচনা করো।

৫.২.৪ সড়কপথ পরিবহণের সুবিধা ও অসুবিধাগুলি অলোচনা করো।

**বিভাগ - চ**

৬. **প্রশ্নপত্রের সাথে প্রদত্ত ভারতের রেখা-মানচিত্রে নিম্নলিখিতগুলি উপযুক্ত প্রতীক ও নাম-সহ চিহ্নিত করে মানচিত্রটি উত্তরপত্রের সঙ্গে জুড়ে দাও।** ১×১০=১০

৬.১. শিবালিক পর্বত
৬.২. লুনি
৬.৩. লোকটাক হ্রদ
৬.৪. ডানকান প্যাসেজ
৬.৫. ভারতের কেন্দ্রীয় বনভূমি গবেষণাকেন্দ্র
৬.৬. উত্তর ভারতের বৃহত্তম মোটরগাড়ি নির্মাণ শিল্প কেন্দ্র
৬.৭. পূর্ব ভারতের একটি স্বাভাবিক বন্দর
৬.৮. একটি কফি উৎপাদক অঞ্চল
৬.৯. গোলাপি শহর
৬.১০. ভারতের দক্ষিণতম বিন্দু

---

## ANSWER KEY

**বিভাগ - ক**

১.১ (ঘ) দ্রবণ ক্ষয় ১.২ (ক) অ্যাকলে ১.৩ (খ) ক্রান্তীয় অঞ্চলে ১.৪ (খ) পরম আর্দ্রতা ১.৫ (গ) হিমপ্রাচীর ১.৬ (গ) পেরিজি জোয়ার ১.৭ (ক) পুনর্ব্যবহার ১.৮ (খ) ডুরাণ্ড লাইন ১.৯ (গ) লুনী ১.১০ (খ) ভাকরা-নাঙ্গাল ১.১১ (ঘ) ফালিচাষ ১.১২ (গ) মোটরগাড়ি ১.১৩ (ক) রেলপথকে ১.১৪ (ঘ) ৪° × ৪°

**বিভাগ - খ**

২.১ ২.১.১ শু ২.১.২ শু ২.১.৩ শু ২.১.৪ শু ২.১.৫ অ ২.১.৬ শু ২.১.৭ শু

২.২ ২.২.১ নিডিল ২.২.২ বৃদ্ধি ২.২.৩ লিচেট ২.২.৪ সান্দাকফু ২.২.৫ উষ্ণ-আর্দ্র ২.২.৬ E-Mail ২.২.৭ ভগ্নাংশসূচক

২.৩ ২.৩.১ বুদবুদ জনিত ক্ষয় ২.৩.২ ২১২°F ২.৩.৩ ২৪ ঘণ্টা ৫২ মিনিট ২.৩.৪ কারেওয়া ২.৩.৫ কার্পাস ২.৩.৬ আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ ২.৩.৭ ওয়েগনার ২.৩.৮ ভূ-সমলয়

২.৪

| বামদিক | ডানদিক |
|---|---|
| ২.৪.১ সিলিকন ভ্যালি | ৩. বেঙ্গালুরু |
| ২.৪.২ ভারতের ম্যানচেস্টার | ৪. আহমেদাবাদ |
| ২.৪.৩ বৃহত্তম মহানগর | ১. মুম্বাই |
| ২.৪.৪ হাইটেক সিটি | ২. হায়াদরাবাদ |

---

## BARBASHI HIGH SCHOOL (H.S.)
### GEOGRAPHY

Full Marks : 90 Time : 3 hrs.15 mins.

**বিভাগ — 'ক'**

১. **বিকল্পগুলির থেকে সঠিক উত্তরটি নির্বাচন করে লেখোঃ—** ১×১৪=১৪

১.১ একটি স্থিতিশীল প্রাকৃতিক শক্তি হল
(ক) ভৌমজল (খ) জোয়ারভাটা (গ) আর্দ্রতা (ঘ) হিমবাহ

১.২ একটি মহাদেশীয় হিমবাহ হল—
(ক) ল্যাম্বার্ট (খ) সিয়াচেন (গ) হুবার্ট (ঘ) মালাসপিনা

edutips.in সম্পূর্ণ বিনামূল্যে মকটেস্ট ও সাজেশনের জন্য অ্যাপ ব্যবহার করুন GET IT ON Google Play

Edutips
মাধ্যমিক প্রস্তুতি ALL SUBJECTS Target মাধ্যমিক 2026 [প্র্যাকটিস A+ সাজেশন] বিনামূল্যে ব্যাচ!
EduTips App Installed



১.৩ একটি নাতিশীতোষ্ণ মরুভূমি হল—
(ক) লাদাখ (খ) সাহারা (গ) কালাহারি (ঘ) গোবি মরুভূমি

১.৪ মেরুজ্যোতি সৃষ্টি হয় বায়ুমণ্ডলের যে স্তরে—
(ক) থার্মোস্ফিয়ার (খ) স্ট্র্যাটোস্ফিয়ার (গ) মেসোস্ফিয়ার (ঘ) ম্যাগনেটোস্ফিয়ার

১.৫ নাতিশীতোষ্ণ ঘূর্ণবাতে সমপ্রেষ রেখাগুলির আকৃতি হয়—
(ক) O আকৃতির (খ) L আকৃতির (গ) V আকৃতির (ঘ) T আকৃতির

১.৬ মোট সমুদ্রস্রোতের মধ্যে শীতল সমুদ্রস্রোতের পরিমান—'
(ক) 70% (খ) 50% (গ) 10% (ঘ) 90%

১.৭ একটি তেজস্ক্রিয় বর্জ্য হল—
(ক) সেলুলোজ (খ) মিথেন (গ) ট্রাইটিয়াম (ঘ) ব্যাগাসি

১.৮ ভারতে রাজ্য পুনর্গঠনের ভিত্তি নয় কোনটি?
(ক) প্রশাসনিক সুবিধা (খ) ধর্মীয় বিভেদ (গ) ভাষা (ঘ) উন্নয়ন পরিকল্পনা

১.৯ কাশ্মীর উপত্যকা অবস্থিত যে দুটি পর্বতের মাঝে—
(ক) শিবালিক ও হিমাচল (খ) লাদাখ ও জাস্কার
(গ) হিমাদ্রি ও পিরপাঞ্জাল (ঘ) টেথিস ও কারাকোরাম

১.১০ ভারতের বৃহত্তম লবণাক্ত জলের হ্রদ হল—
(ক) পুষ্কর (খ) প্যাংগং (গ) কোলেরু (ঘ) সম্বর হ্রদ

১.১১ ভারতে সবুজ বিপ্লবের ফলে যে ফসলটির উৎপাদনমাত্রা সবথেকে বেশি ছিল—
(ক) ধান (খ) গম (গ) কার্পাস (ঘ) তৈলবীজ

১.১২ ভারতের বৃহত্তম বিমান নির্মাণ কেন্দ্রটি অবস্থিত—
(ক) হায়দ্রাবাদে (খ) মুম্বাইতে (গ) বেঙ্গালুরুতে (ঘ) দিল্লীতে

১.১৩ ভারতের একটি অতিউচ্চ জনঘনত্বযুক্ত অঞ্চল হল—
(ক) উত্তরপ্রদেশ (খ) মহারাষ্ট্র (গ) ওড়িশা (ঘ) হিমাচল প্রদেশ

১.১৪ 1° × 1° ব্যবধানের ভূ-বৈচিত্র্যসূচক মানচিত্রের স্কেল হল—
(ক) 1:25000 (খ) 1:250000 (গ) 1:1000000 (ঘ) 1:50000

## বিভাগ- 'খ'

২। **২.১ নিম্নলিখিত বাক্যগুলি শুদ্ধ হলে পাশে 'শু' এবং অশুদ্ধ হলে পাশে 'অ' লেখোঃ (৬টি প্রশ্নের উত্তর দাও)** ১×৬=৬

২.১.১ মোরেন হিমবাহের একটি সঞ্চয়জাত ভূমিরূপ।
২.১.২ উপক্রান্তীয় পশ্চিমা জেট শীতকালে হিমালয়ের দক্ষিণে অবস্থান করে।
২.১.৩ পেরিজি অবস্থানে পূর্ণিমার চাঁদকে বলে 'মাইক্রোমুন'।
২.১.৪ সর্দার সরোবর প্রকল্প গোদাবরী নদীর উপর নির্মাণ করা হয়েছে।
২.১.৫ কার্পাস গবেষণাগার মহারাষ্ট্রের নাগপুরে অবস্থিত।
২.১.৬ ন্যাশনাল রিমোট সেন্সিং এজেন্সির (NRSA)-এর সদর দপ্তর বেঙ্গালুরু।
২.১.৭ ২০১১ আদমশুমারি অনুযায়ী জনসংখ্যা বৃদ্ধির হার সর্বনিম্ন নাগাল্যান্ডে।

**২.২ উপযুক্ত শব্দ বসিয়ে শূন্যস্থান পূরণ করোঃ (যে কোন ৬টি)**

২.২.১ দুটি সিফ্ বালিয়াড়ির মধ্যবর্তী অংশকে ________ বলে।
২.২.২ শিলাবৃষ্টি সৃষ্টি হয় ________ মেঘ থেকে।
২.২.৩ শৈবাল সাগর সৃষ্টি হয়েছে ________ মহাসাগরে।
২.২.৪ ________ বেশি থাকায় কৃষ্ণমৃত্তিকার রঙ কালো হয়।
২.২.৫ ভারতের একক বৃহত্তম কৃষিভিত্তিক শিল্প হল ________।
২.২.৬ উত্তর-দক্ষিণ ও পূর্ব-পশ্চিম করিডর দুটি ________ শহরে মিলিত হয়েছে।
২.২.৭ ইনসোলেশন সবথেকে বেশি ________ জলবায়ু অঞ্চলে।

**২.৩ একটি বা দুটি শব্দে উত্তর দাওঃ (যে কোন ৬টি)** ১×৬=৬

২.৩.১ ব্ল্যাকফুট রোগ কী কারণে হয়?
২.৩.২ বায়ুমণ্ডলের সর্বোচ্চ স্তরে কোন গ্যাসটি অধিক থাকে?
২.৩.৩ রকি পর্বতের পূর্ব ঢালে প্রবাহিত স্থানীয় বায়ুটির নাম কী?
২.৩.৪ ম্যানিওরপিট থেকে কী ধরনের সার পাওয়া যায়?
২.৩.৫ ভারতের একটি আগ্নেয় দ্বীপের নাম লেখো।
২.৩.৬ জনঘনত্ব কীভাবে নির্ণয় করা যায়?

edutips.in সম্পূর্ণ বিনামূল্যে মকটেস্ট ও সাজেশনের জন্য অ্যাপ ব্যবহার করুন GET IT ON Google Play

Edutips
মাধ্যমিক প্রস্তুতি ALL SUBJECTS Target মাধ্যমিক 2026 [প্র্যাকটিস A+ সাজেশন] বিনামূল্যে ব্যাচ!
EduTips App Installed



২.৩.৭ ভারতের সরলবর্গীয় অরণ্যের দুটি স্বাভাবিক উদ্ভিদের নাম লেখো।
২.৩.৮ ভারতের ভিলাই লৌহ-ইস্পাত শিল্পকেন্দ্রটি কোন রাজ্যে অবস্থিত ?

**২.৪ বামদিকের সাথে ডানদিকেরগুলি মিলিয়ে লেখোঃ** ১×৪=৪

| বামদিক | ডানদিক |
|---|---|
| ২.৪.১ পশ্চিমঘাট পর্বত | ক.অক্টাস |
| ২.৪.২ শিলাময় মরুভূমি | খ. ভূ-সমলয় উপগ্রহ |
| ২.৪.৩ INSAT | গ. হামাদা |
| ২.৪.৪ মেঘাচ্ছন্নতা | ঘ. ভাভুলমালা |

## বিভাগ-'গ'

**৩। নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও : (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়)** ২×৬=১২

৩.১ এস্কার কাকে বলে? **অথবা,** ওয়াদি কাকে বলে?
৩.২ ওজোন গহ্বর বলতে কী বোঝো ? **অথবা,** বায়ুপ্রবাহ ও বায়ুস্রোতের মধ্যে পার্থক্য কী ?
৩.৩ স্ক্রাবার কী? **অথবা,** 'বর্জ্য কী?
৩.৪ জলবিভাজিকা ব্যবস্থাপনা কাকে বলে ? **অথবা,** কয়াল কাকে বলে?
৩.৫ উদ্যান কৃষি কাকে বলে ? **অথবা,** শিল্প স্থাপনে পণ্যসূচকের গুরুত্ব কী?
৩.৬ রিমোট সেন্সিং কী? **অথবা,** উপগ্রহচিত্রের ব্যবহারের দুটি অসুবিধা লেখো।

## বিভাগ-'ঘ'

**৪। সংক্ষিপ্ত ব্যাখ্যামূলক উত্তর দাওঃ (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়)** ৩×৪=১২

৪.১ অনুদৈর্ঘ্য বালিয়াড়িও তির্যক বালিয়াড়ির পার্থক্য লেখো।
**অথবা,** বায়ুচাপের তারতম্যের তিনটি কারণ লেখো।
৪.২ বর্জ্যের প্রকৃতি অনুসারে শ্রেণিবিভাগ করো।
**অথবা,** বর্জ্যের ব্যবস্থাপনার তিনটি কারণ লেখো।
৪.৩ ভারতে রেলপথ পরিবহণের তিনটি গুরুত্ব লেখো।
**অথবা,** ভারতের পূর্ব উপকূল ও পশ্চিম উপকূলের তিনটি ভূ-প্রাকৃতিক পার্থক্য লেখো।
৪.৪ ভূ-সমলয় ও সূর্য-সমলয় উপগ্রহের পার্থক্য লেখো।
**অথবা,** ভূ-বৈচিত্র্যসূচক মানচিত্রের তিনটি বৈশিষ্ট্য লেখো।

## বিভাগ-'ঙ'

**৫। ৫.১ যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ** ৫×২=১০

৫.১.১ নদীর মধ্যগতিতে কাজের ফলে সৃষ্ট তিনটি ভূমিরূপের চিত্রসহ বর্ণনা দাও।
৫.১.২ পৃথিবীর তাপমণ্ডলগুলির চিত্রসহ বর্ণনা দাও।
৫.১.৩ বায়ুচাপ বলয়ের সাথে আয়নবায়ু ও পশ্চিমাবায়ুর সম্পর্ক চিত্রসহ আলোচনা করো।
৫.১.৪ সমুদ্র স্রোত সৃষ্টির পাঁচটি কারণ লেখো।

**৫.২ যে কোন দুটি প্রশ্নের উত্তর দাওঃ** ৫×২=১০

৫.২.১ ভারতে কফি চাষের অনুকূল প্রাকৃতিক পরিবেশ আলোচনা করো।
৫.২.২ পশ্চিম ভারতে পেট্রোরসায়ন শিল্পে উন্নতির কারণগুলি লেখো।
৫.২.৩ ভারতীয় কৃষিতে জলসেচের প্রয়োজনীয়তা লেখো।
৫.২.৪ ভারতে অসম জনসংখ্যা বণ্টনের পাঁচটি কারণ আলোচনা করো।

**৬। প্রদত্ত ভারতের রেখামানচিত্রে নিম্নলিখিতগুলি উপযুক্ত প্রতীক ও নামসহ চিহ্নিত করে মানচিত্রটি উত্তরপত্রের সাথে জুড়ে দাও।** ১×১০=১০

৬.১ নীলগিরি পর্বত
৬.২ ভারতের সর্বাধিক ভগ্ন উপকূল
৬.৩ পশ্চিমি ঝঞ্ঝাযুক্ত অঞ্চল
৬.৪ ভারতের ধান গবেষণাগার
৬.৫ পশ্চিম ভারতের একটি মোটরগাড়ি নির্মাণ কেন্দ্র
৬.৬ কৃষ্ণমৃত্তিকা অঞ্চল
৬.৭ ভারতের একটি অন্তর্বাহিনী নদী
৬.৮ দক্ষিণ ভারতের একটি মহানগর
৬.৯ কান্ডালা বন্দর
৬.১০ একটি পার্বত্য উদ্ভিজ্জ অঞ্চল

## ANSWER KEY

### বিভাগ — 'ক'

১.১ (ক) ভৌমজল ১.২ (ক) ল্যাম্বার্ট ১.৩ (ঘ) গোবি মরুভূমি ১.৪ (ক) থার্মোস্ফিয়ার ১.৫ (গ) V আকৃতির ১.৬ (ঘ) 90% ১.৭ (গ) ট্রাইটিয়াম ১.৮ (খ) ধর্মীয় বিভেদ ১.৯ (গ) হিমাদ্রি ও পিরপাঞ্জাল ১.১০ (ঘ) সম্বর হ্রদ ১.১১ (খ) গম ১.১২ (গ) বেঙ্গালুরু ১.১৩ (ক) উত্তরপ্রদেশ ১.১৪ (খ) 1:250000

edutips.in সম্পূর্ণ বিনামূল্যে মকটেস্ট ও সাজেশনের জন্য অ্যাপ ব্যবহার করুন GET IT ON Google Play

Edutips
মাধ্যমিক প্রস্তুতি Target মাধ্যমিক 2026 [প্র্যাকটিস A+ সাজেশন] বিনামূল্যে ব্যাচ!
EduTips App Installed



### বিভাগ — 'খ'

২.১ ২.১.১ শু ২.১.২ শু ২.১.৩ অ ২.১.৪ অ ২.১.৫ শু ২.১.৬ অ ২.১.৭ শু

২.২ ২.২.১ গাসি ২.২.২ কিউমুলোনিম্বাস মেঘ ২.২.৩ আটলান্টিক মহাসাগরে ২.২.৪ জৈব পদার্থ ও টিটানিফেরাস ম্যাগনেটাইট ২.২.৫ কার্পাস বয়ন শিল্প ২.২.৬ ঝাঁসি ২.২.৭ নিরক্ষীয় অঞ্চলে

২.৩ ২.৩.১ আর্সেনিকের মাত্রাধিক্য ২.৩.২ হাইড্রোজেন ২.৩.৩ চিনুক ২.৩.৪ জৈব সার ২.৩.৫ ব্যারেন/নারকোন্ডাম ২.৩.৬ মোট জনসংখ্যা /কোনো অঞ্চলের মোট ক্ষেত্রফল ২.৩.৭. পাইন, ফার ২.৩.৮. ছত্তিশগড়

২.৪

| বামদিক | ডানদিক |
|---|---|
| ২.৪.১ পশ্চিমঘাট পর্বত | ঘ. ভাভুলমালা |
| ২.৪.২ শিলাময় মরুভূমি | গ. হামাদা |
| ২.৪.৩ INSAT | খ. ভূ-সমলয় উপগ্রহ |
| ২.৪.৪ মেঘাচ্ছন্নতা | ক. অক্টাস |

---

## BANKURA ZILLA SCHOOL
## GEOGRAPHY

Full Marks : 90 | Time : 3 hrs.15 mins.

### বিভাগ - ক

১. বিকল্পগুলির থেকে সঠিক উত্তরটি নির্বাচন করে লেখো : ১×১৪=১৪

১.১ বায়ুর অপসারণ প্রক্রিয়ায় সৃষ্ট গর্তকে বলে—
(ক) বার্খান (খ) ব্লো আউট (গ) মন্থকূপ (ঘ) জ্যুগেন।

১.২ ভূমির সমতলীকরণ যে প্রক্রিয়ায় ঘটে —
(ক) আরোহণ (খ) অবরোহণ (গ) আবহবিকার (ঘ) পর্যায়ন।

১.৩ বায়ুমন্ডলের যে স্তরে ওজোন গ্যাসের প্রাধান্য দেখা যায় —
(ক) ট্রোপোস্ফিয়ার (খ) মেসোস্ফিয়ার (গ) স্ট্র্যাটোস্ফিয়ার (ঘ) থার্মোস্ফিয়ার।

১.৪ দক্ষিণ গোলার্ধের একটি উষ্ণ মরুভূমি—
(ক) সোনেরান (খ) সাহারা (গ) কালাহারি (ঘ) থর।

১.৫ সমুদ্রস্রোতের জায়র বা কুণ্ডলী সৃষ্টির ফলে তৈরি হয়—
(ক) হিমশৈল (খ) হিমপ্রাচীর (গ) ঘূর্ণবাত (ঘ) শৈবাল সাগর।

১.৬ সিজিগি অবস্থানে যে জোয়ার হয় তাকে বলে —
(ক) ভরা জোয়ার (খ) মরা জোয়ার (গ) গৌণ জোয়ার (ঘ) কোনোটিই নয়।

১.৭ একটি সংক্রামক বর্জ্য হল—
(ক) সবজির খোসা (খ) ব্যবহৃত ইঞ্জেকশান সিরিঞ্জ
(গ) ধাতব টুকরো (ঘ) প্লাস্টিক প্যাকেট।

১.৮ ভারতে হিমালয়ের সর্বোচ্চ পর্বত শৃঙ্গের নাম —
(ক) গডউইন অস্টিন (খ) হিমালয় (গ) নামচা বারোয়া (ঘ) কাঞ্চনজঙ্ঘা।

১.৯ পশ্চিমী ঝঞ্ঝার প্রভাব যে ঋতুতে বেশি দেখা যায়—
(ক) গ্রীষ্ম (খ) শরৎ (গ) বর্ষা (ঘ) শীত।

১.১০ যে মাটির জলধারণ ক্ষমতা অপেক্ষাকৃত বেশি—
(ক) লোহিত (খ) কৃষ্ণ (গ) সিরোজেম (ঘ) ল্যাটেরাইট।

১.১১ একটি ম্যানগ্রোভ উদ্ভিদের উদাহরণ হল—
(ক) খয়ের (খ) চন্দন (গ) ফার (ঘ) হেতাল।

১.১২ ভারতের রেল গবেষণা কেন্দ্র অবস্থিত —
(ক) হায়দ্রাবাদে (খ) আমেদাবাদে (গ) নাগপুরে (ঘ) লক্ষ্ণৌ-এ।

১.১৩ ভারতের 'সিলিকন ভ্যালি' নামে পরিচিত —
(ক) পুনে (খ) বেঙ্গালুরু (গ) গুরগাঁও (ঘ) চেন্নাই।

১.১৪ একটি একক মুক্ত স্কেলের উদাহরণ হল—
(ক) বিবৃতিমূলক স্কেল (খ) ভগ্নাংশসূচক স্কেল (গ) রৈখিক স্কেল (ঘ) লৈখিক স্কেল।

edutips.in সম্পূর্ণ বিনামূল্যে মকটেস্ট ও সাজেশনের জন্য অ্যাপ ব্যবহার করুন GET IT ON Google Play

Edutips
মাধ্যমিক প্রস্তুতি ALL SUBJECTS Target মাধ্যমিক 2026 [প্র্যাকটিস A+ সাজেশন] বিনামূল্যে ব্যাচ!
EduTips App Installed



## বিভাগ - খ

২. ২.১ নিম্নলিখিত বাক্যগুলি শুদ্ধ হলে 'শু' এবং অশুদ্ধ হলে 'অ' লেখো। (যেকোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও) ১×৬=৬

২.১.১ ইয়ার্দাং ভেঙে সিফ গঠিত হয়।
২.১.২ হিমবাহ উপত্যকার দুপাশে উৎপাটন ক্ষয় বেশি হয়।
২.১.৩ উষ্ণ ও শীতল সমুদ্র স্রোতের মাঝে হিমবাহ অবস্থান করলে হিমপ্রাচীর সৃষ্টি হয়।
২.১.৪ গঙ্গার নিম্ন প্রবাহে দূষণের প্রভাব সবচেয়ে বেশি।
২.১.৫ ভারতে ইক্ষু উৎপাদনে পাঞ্জাব রাজ্য সবচেয়ে এগিয়ে।
২.১.৬ ভারতে উন্নয়নের জীবনরেখা বলতে রেলপথকে বোঝায়।
২.১.৭ উপগ্রহ চিত্রে সাধারণত আদর্শ প্রকৃত রং ব্যবহার করা হয়।

২.২ উপযুক্ত শব্দ বসিয়ে শূন্যস্থান পূরণ করো। (যেকোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও): ১×৬=৬

২.২.১ মরু অঞ্চলের শুষ্ক হ্রদকে ______ বলে।
২.২.২ চান্দ্র মাসের ______ তিথিতে মরা জোয়ার হয়।
২.২.৩ বর্জ্য লোহা ব্যবস্থাপনার একটি উপায় হল ______।
২.২.৪ পূর্বঘাটের সর্বোচ্চ শৃঙ্গ ______।
২.২.৫ ______ রেখা বরাবর বাঁধ দিয়ে চাষ করলে ভূমিক্ষয় রোধ হয়।
২.২.৬ ভারতে প্রথম মেট্রো রেল চালু হয় ______ শহরে।
২.২.৭ ______ রঙের সাহায্যে টোপোগ্রাফিকাল মানচিত্রে সড়কপথ বোঝানো হয়।

২.৩ দু-এক কথায় উত্তর দাও (যেকোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও): ১×৬=৬

২.৩.১ ভারতের উচ্চতম জলপ্রপাতের নাম কী?
২.৩.২ কোন অঞ্চলকে 'জলবায়ুগত মরুদ্যান' বলে?
২.৩.৩ উত্তর আটলান্টিক মহাসাগরের একটি উষ্ণ সমুদ্র স্রোতের নাম লেখো।
২.৩.৪ একটি পৌরসভা বর্জ্যের উদাহরণ দাও।
২.৩.৫ দক্ষিণ ভারতে কোন ঋতুতে আম্র বৃষ্টি দেখা যায়?
২.৩.৬ ভারতের মূল ভূখণ্ডের দক্ষিণতম স্থানের নাম কী?
২.৩.৭ ভারতের সর্বাধিক জনঘনত্বপূর্ণ রাজ্যের নাম কী?
২.৩.৮ ভারতীয় জরিপ সংস্থা কত সালে স্থাপিত হয়?

২.৪ বামদিকের সাথে ডানদিকেরগুলি মিলিয়ে লেখো: ১×৪=৪

| বামদিক | ডানদিক |
|---|---|
| ২.৪.১ মেরুজ্যোতি সৃষ্টি | ক) কলকাতা |
| ২.৪.২ একটি মিলেট গবেষণা কেন্দ্র | খ) কেরালা |
| ২.৪.৩ দক্ষিণ-পূর্ব রেলের সদর দপ্তর | গ) আয়নোস্ফিয়ার |
| ২.৪.৪ কয়াল | ঘ) হায়দ্রাবাদ |

## বিভাগ - গ

৩. নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও। (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) ২×৬=১২

৩.১ নগ্নীভবন কাকে বলে? **অথবা,** জলপ্রপাতের পশ্চাদপসারণ কীভাবে ঘটে?
৩.২ জেট বায়ু কাকে বলে? **অথবা,** পেরিজি জোয়ার বলতে কী বোঝ?
৩.৩ কম্পোস্টিং কাকে বলে? **অথবা,** তরল বর্জ্য কী?
৩.৪ ডেকান ট্র্যাপ বলতে কী বোঝ? **অথবা,** মৌসুমি বিস্ফোরণ কাকে বলে?
৩.৫ কৃষিকাজ কাকে বলে? **অথবা,** ধারণযোগ্য উন্নয়ন বলতে কী বোঝ?
৩.৬ সান সিনক্রোনাস বা সূর্য সমলয় উপগ্রহ কাকে বলে? **অথবা,** সেন্সর কী?

## বিভাগ - ঘ

৪. সংক্ষিপ্ত ব্যাখামূলক উত্তর দাও। (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) ৩×৪=১২

৪.১ অ্যানাবেটিক বায়ু ও ক্যাটাবেটিক বায়ুর মধ্যে পার্থক্য লেখো।
**অথবা,** নদীর পার্বত্য উপত্যকা 'I' বা 'V' আকৃতির হয় কেন?
৪.২ বর্জ্য ব্যবস্থাপনার প্রয়োজনীয়তা ব্যাখ্যা করো।
**অথবা,** গ্যাসীয় বর্জ্য ব্যবস্থাপনার পদ্ধতিগুলি উল্লেখ করো।
৪.৩ মালনাদ ও ময়দানের মধ্যে পার্থক্য লেখো।
**অথবা,** বনভূমি সংরক্ষণের উপায়গুলি বর্ণনা করো।

edutips.in সম্পূর্ণ বিনামূল্যে মকটেস্ট ও সাজেশনের জন্য অ্যাপ ব্যবহার করুন GET IT ON Google Play

Edutips
মাধ্যমিক প্রস্তুতি ALL SUBJECTS Target মাধ্যমিক 2026 [প্র্যাকটিস A+ সাজেশন] বিনামূল্যে ব্যাচ!
EduTips App Installed



৪.৪ স্কেলের ব্যবহার অনুযায়ী টোপোগ্রাফিকাল মানচিত্রের শ্রেণিবিভাগ করো।
**অথবা,** উপগ্রহের চিত্রের গুরুত্ব ব্যাখ্যা করো।

## বিভাগ - ঙ

৫. ৫.১ **নিম্নলিখিত প্রশ্নগুলির থেকে যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও।** ৫×২=১০

৫.১.১ জলধারা ও হিমবাহের মিলিত কাজের ফলে গড়ে ওঠা তিনটি প্রধান ভূমিরূপের চিত্রসহ বর্ণনা দাও।
৫.১.২ বায়ুমণ্ডলের উষ্ণতার তারতম্যের তিনটি প্রধান কারণ আলোচনা করো।
৫.১.৩ পৃথিবীর ওপর বিশ্ব উষ্ণায়নের প্রভাব কী কী?
৫.১.৪ সমুদ্রস্রোতের প্রভাব আলোচনা করো।

৫.২ **নিম্নলিখিত প্রশ্নগুলির থেকে যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও।** ৫×২=১০

৫.২.১ উত্তর ও দক্ষিণ ভারতের নদনদীর পার্থক্য করো।
৫.২.২ ভারতের জলবায়ুতে মৌসুমী বায়ুর প্রভাব আলোচনা করো।
৫.২.৩ পশ্চিম ভারতে পেট্রোরসায়ন শিল্পের উন্নতির কারণগুলি বর্ণনা করো।
৫.২.৪ ভারতে অসম জনবণ্টনের পাঁচটি কারণ আলোচনা করো।

## বিভাগ - চ

৬. **প্রশ্নপত্রের সাথে প্রদত্ত ভারতের রেখা-মানচিত্রে নিম্নলিখিতগুলি উপযুক্ত প্রতীক ও নামসহ চিহ্নিত করে মানচিত্রটি উত্তরপত্রের সঙ্গে জুড়ে দাও।** ১×১০=১০

৬.১ পশ্চিমঘাট
৬.২ নর্মদা নদী
৬.৩ লোকটাক হ্রদ
৬.৪ ভারতের শুষ্কতম অঞ্চল
৬.৫ সুন্দরবন
৬.৬ দক্ষিণ ভারতের কফি উৎপাদক অঞ্চল
৬.৭ পূর্ব ভারতের একটি মোটর গাড়ি নির্মাণ কেন্দ্র
৬.৮ পূর্ব উপকূলের একটি স্বাভাবিক বন্দর
৬.৯ উত্তর ভারতের বৃহত্তম মহানগর
৬.১০ পশ্চিম ভারতের একটি আন্তর্জাতিক বিমানবন্দর।

---

## ANSWER KEY

১.১ (খ) ব্লো আউট ১.২ (ঘ) পর্যায়ন ১.৩ (গ) স্ট্র্যাটোস্ফিয়ার ১.৪ (গ) কালাহারি ১.৫ (ঘ) শৈবাল সাগর
১.৬ (ক) ভরা জোয়ার ১.৭ (খ) ব্যবহৃত ইঞ্জেকশান সিরিঞ্জ ১.৮ (ঘ) কাঞ্চনজঙ্ঘা ১.৯ (ঘ) শীত ১.১০ (খ) কৃষ্ণ
১.১১ (ঘ) হেতাল ১.১২ (ঘ) লক্ষ্ণৌ-এ ১.১৩ (খ) বেঙ্গালুরু ১.১৪ (খ) ভগ্নাংশসূচক স্কেল

### বিভাগ - খ

২.১ ২.১.১ অ ২.১.২ শু ২.১.৩ অ ২.১.৪ শু ২.১.৫ অ ২.১.৬ শু ২.১.৭ অ

২.২ ২.২.১ Saltpan (সল্ট প্যান) ২.২.২ অষ্টমি ২.২.৩ পৃথক্করণ ২.২.৪ জিন্দাগাড়া ২.২.৫ সমোন্নতিরেখা ২.২.৬ কলকাতা ২.২.৭ লাল

২.৩ ২.৩.১ কুঞ্চিকল ২.৩.২ রাজস্থানের লাপোডিয়া ২.৩.৩ উষ্ণ উপসাগরীয় স্রোত / উত্তর আটলান্টিক স্রোত ২.৩.৪ ইলেকট্রনিক বর্জ্য / চিকিৎসা সংক্রান্ত বর্জ্য ২.৩.৫ গ্রীষ্মকালে ২.৩.৬ কন্যাকুমারিক অন্তরীপ ২.৩.৭ 1767

২.৪

| বামদিক | ডানদিক |
|---|---|
| ২.৪.১ মেরুজ্যোতি সৃষ্টি | গ) আয়নোস্ফিয়ার |
| ২.৪.২ একটি মিলেট গবেষণা কেন্দ্র | ঘ) হায়দ্রাবাদ |
| ২.৪.৩ দক্ষিণ-পূর্ব রেলের সদর দপ্তর | ক) কলকাতা |
| ২.৪.৪ কয়াল | খ) কেরালা |

---

# SIMULIA T.P. INSTITUTION
## GEOGRAPHY

Full Marks : 90 Time : 3 hrs.15 mins.

### বিভাগ - ক

১. **বিকল্পগুলির থেকে সঠিক উত্তরটি নির্বাচন করে লেখো :** ১×১৪=১৪

১.১. ভার্ব সঞ্চিত হয়—
(ক) ড্রামলিনের উপরে (খ) কেটল হ্রদে (গ) ঝুলন্ত উপত্যকায় (ঘ) মোরেনের উপরে

১.২. পৃথিবীর বৃহত্তম বায়ুর ক্ষয়কার্যের ফলে সৃষ্ট গর্ত হল—
(ক) কাতারা (খ) সম্বর (গ) উলার (ঘ) পুষ্কর

edutips.in সম্পূর্ণ বিনামূল্যে মকটেস্ট ও সাজেশনের জন্য অ্যাপ ব্যবহার করুন GET IT ON Google Play